



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট

website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ৩০.০৫.২০২৪ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষামন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪ এর প্রেক্ষিতে মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ একাদশ শ্রেণিতে শুধুমাত্র বিজ্ঞান শাখায় ভর্তির জন্য অনলাইন আবেদন আহবান করা যাচ্ছে।

আসন সংখ্যা: ৩০০	আবেদনের যোগ্যতা GPA: 5.00	EIIN নম্বর : 130457
-----------------	---------------------------	---------------------


- ❖ ভর্তির জন্য অনলাইন আবেদনের সময়সূচি: ২৬.০৫.২০২৪ থেকে ১১.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত
ভর্তির ওয়েবসাইট: www.xiclassadmission.gov.bd
- ❖ ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ: ২৩.০৬.২০২৪ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) ২৩.০৬.২০২৪ থেকে ২৯.০৬.২০২৪ খ্রি.
- ❖ ২য় পর্যায়ের অনলাইন আবেদন: ৩০.০৬.২০২৪ থেকে ০২.০৭.২০২৪ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ ২য় পর্যায়ের ফলাফল: ০৪.০৭.২০২৪ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ ৩য় পর্যায়ের অনলাইন আবেদন: ০৯.০৭.২০২৪ থেকে ১০.০৭.২০২৪ খ্রি.
- ❖ ৩য় পর্যায়ের ফলাফল: ১২.০৭.২০২৪ খ্রি. (রাত ৮.০০ টা)

ভর্তির তারিখ: ১৫.০৭.২০২৪ সকাল ১০.০০ টা থেকে ২৫.০৭.২০২৪ খ্রি. বিকাল ২.০০ টা পর্যন্ত, ক্লাস শুরু: ৩০.০৭.২০২৪

আবেদনের পদ্ধতি:

আবেদনকারী শিক্ষার্থীদেরকে শুধুমাত্র অনলাইনে নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে।

১. বিকাশ/নগদ/সোনালী ই-সেবা/সোনালী ওয়েব/রকেট/Upay/tap/OK wallet এর মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এ গিয়ে “Apply Now” Button-এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ফি জমাদানের পদ্ধতি ভর্তির ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।
 ২. কোটা (প্রযোজ্য ক্ষেত্রে): কোটার আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে এবং পরবর্তীতে কলেজ কর্তৃক বিষয়টি যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।
 ৩. আবেদনকারী শিক্ষার্থী সর্বমিল্ল ৫ টি ও সর্বোচ্চ ১০ টি কলেজ পছন্দক্রমের জন্য Select করতে পারবে।
 ৪. আবেদনকারী “ Preview Applicatin” Button এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজসমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবে। তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী “ Submit Button” এ ক্লিক করবে।
 ৫. আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত Contact Number সম্বলিত মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবে যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে কারণ সেটি পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।
 ৬. আবেদনকারী চাইলে তার আবেদনের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবে।
- ❖ চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচি ও ফি সংক্রান্ত তথ্য বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে কলেজ ওয়েবসাইট www.mccollege.edu.bd এ প্রকাশ করা হবে।


অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট